



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ২৮ আগস্ট ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ির বিজিতলা-গামারিঢালায় পুনর্বাসিত অবৈধ অনুপ্রবেশকারী

রোহিঙ্গাদের কক্সবাজার শরণার্থী শিবিরে ফেরত নেয়ার দাবি

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি ইউনিটের সংগঠক অংগ্য মারমা পার্বত্য চট্টগ্রামে রোহিঙ্গা অনুপ্রবেশের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং খাগড়াছড়ির বিজিতলা-গামারিঢালায় পুনর্বাসিত অবৈধ অনুপ্রবেশকারী রোহিঙ্গাদেরকে তাদের কক্সবাজার শরণার্থী শিবিরে ফেরত নেয়ার দাবি জানিয়েছেন।

আজ সোমবার, ২৮ আগস্ট ২০২৩ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তিনি এই দাবি জানিয়ে বলেন, ‘একটি বিশেষ স্বার্থাশেষী গোষ্ঠী ভূয়া জন্ম নিবন্ধন সনদ সংগ্রহ করে খাগড়াছড়ির বিজিতলা ও গামারিঢালায় আজ পর্যন্ত ৩৩ পরিবার রোহিঙ্গাকে অবৈধভাবে পুনর্বাসন করেছে। ভূয়া জন্ম নিবন্ধন সনদ দিতে অস্বীকার করায় ১ নং খাগড়াছড়ি সদর ইউনিয়ন পরিষদের সচিব শিপংকর চাকমা (সতেজ)কে অন্যত্র বদলী করা হয়েছে এবং তার জায়গায় গত জুলাই মাসে নাজমুল ইসলাম নামে একজনকে নিয়োগ দেয়া হয়েছে।’

পার্বত্য চট্টগ্রামে রোহিঙ্গাদের অনুপ্রবেশ ও বসতিস্থাপন নতুন করে বাড়তি উত্তেজনা ও সহিংসতা জন্ম দিতে পারে মন্তব্য করে ইউপিডিএফ নেতা বলেন, মাঝে মধ্যে দেশের বিভিন্ন সংবাদ মাধ্যমে পাহাড়ের তিন জেলায় রোহিঙ্গাদের অনুপ্রবেশের খবর প্রচারিত হতে দেখা গেলেও সরকার এ বিষয়ে কোন পদক্ষেপ নিয়েছে বলে আজ পর্যন্ত জানা যায়নি।

অংগ্য মারমা পার্বত্য চট্টগ্রামে রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ ও ইতিমধ্যে অবৈধভাবে ঢুকে পড়া রোহিঙ্গাদের সনাক্তকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং বিজিতলা-গামারিঢালায় পুনর্বাসিত রোহিঙ্গাদের ফেরত পাঠানোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।